ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৭৫০
আগরতলা, ২৫ জুলাই, ২০২৬

**ধর্মনগরে বিদ্যালয়, রাইস মিল, পাম অয়েল গাছের বাগান পরিদর্শনে রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ ধর্মনগরের যুবরাজনগর ব্লকে উপ্তাখালি এসবি স্কুল, এগ্রোট্যাক মর্ডান রাইস মিল, পাম অয়েল গাছের বাগান, একটি শূকর পালন কেন্দ্র পরিদর্শন করেন। তিনি স্থানীয় কৃষক এবং এলাকাবাসীর সঙ্গে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে মতবিনিময় করেন।

ধর্মনগর সফরের দ্বিতীয় দিনে আজ রাজ্যপাল প্রথমে পুরনো জেল প্রাঙ্গনে জেল ক্যাফে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের জেলখানাটির মূল কাঠামো ও বৈশিষ্ট্য অক্ষুন্ন রেখে সংরক্ষণ করার পরামর্শ দেন। এরপর রাজ্যপাল যুবরাজনগর ব্লকে উপ্তাখালি এসবি স্কুল পরিদর্শন করেন। সেখানে ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং এলাকাবাসী রাজ্যপালকে স্বাগত জানান। বিদ্যালয় সংলগ্ন প্রবীণ বন-এর রাজ্যপাল একটি চারা গাছ রোপন করেন। রাজপাল ছাত্রছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকাদের কাছে পঠন-পাঠনের বিষয়ে খোঁজ খবর নেন। তিনি ছাত্রছাত্রীদের আরও ভালকরে পড়াশোনা করার জন্য উৎসাহিত করেন। গ্রামগুলিকে মাদকাশক্তির প্রভাব থেকে মুক্ত রাখার জন্য এলাকাবসীর প্রতি তিনি আহ্বান জানান। রাজ্যপাল স্থানীয় কৃষকদের সঙ্গেও মতবিনিময় করেন। এই এলাকায় বিভিন্ন ফসল উৎপাদনের বিষয়ে তিনি বিস্তারিত খোঁজ খবর নেন।

এরপর রাজ্যপাল এই ব্লকের শ্রীপুর গ্রামপঞ্চায়েতে অবস্থিত এগ্রোট্যাক মর্ডান রাইস মিল পরিদর্শন করেন। তিনি ধান থেকে চাল উৎপাদনের পদ্ধতি সম্পর্কে এবং চাল-এর স্থানীয় চাহিদা সম্পর্কে অবগত হন। রাজ্যপাল শ্রীপুর গ্রামপঞ্চায়েতেই অরূপ দাসের পাম অয়েল গাছের বাগান পরিদর্শন করেন। এই সময়ে কৃষি দপ্তরের আধিকারিকগণও উপস্থিত ছিলেন। রাজ্যপাল আশা প্রকাশ করেন ত্রিপুরা অয়েল পাম উৎপাদনে ক্রমশ গুরুত্বপূর্ণ স্থান অধিকার করবে। রাজ্যপালের সফরের সময় বিধায়ক জহর চক্রবর্তী, বিধায়ক যাদব লাল নাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অপর্ণা সিংহ দেবনাথ, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন, এস পি অভিনাষ রাই এবং পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। লোকভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****